

যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ (PSEA) আচরণবিধি

সিআইপিআরবি-র সকল কর্মকর্তা-কর্মচারী, অংশীদারী সংস্থা ও তাদের কর্মীগণ সিআইপিআরবি-র ‘যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ (PSEA) আচরণবিধি’-র নীতিসমূহকে সমুন্নত রাখবেন এবং প্রাপ্তবয়স্ক ব্যক্তি, বিপদাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তি, শিশু, যুবক, তাদের পরিবার ও কমিউনিটি যারা সংস্থার বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করে, তাদের প্রতি দায়িত্বশীল আচরণ করবেন। যৌন শোষণ এবং যৌন নির্যাতন একটি ফৌজদারি অপরাধ এবং এটি সবসময়ই সিআইপিআরবি-র কর্মকর্তা-কর্মচারীর ক্ষেত্রে অংশগ্রহণযোগ্য আচরণ। সংস্থার কোনো কর্মকর্তা-কর্মচারী কর্তৃক বা তাদের মধ্যে যেকোনো ধরনের যৌন অসদাচরণের প্রশংসন সংস্থা শূণ্য সহনশীলতা (জিরো টলারেন্স) নীতি বজায় রাখতে বদ্ধপরিকর। সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের দ্বারা যেকোনো ধরনের যৌন অসদাচরণ সম্পর্কভাবে নিষিদ্ধ, তা অফিস চলাকালীন বা অফিস সময়ের পরে, যখনই ঘটুক না কেন।

এই আচরণ বিধি সিআইপিআরবি-র দৃষ্টিভঙ্গী এবং নৈতিক ভিত্তি বজায় রাখার লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য প্রণীত একটি আচরণ নির্দেশিকা। সংস্থা যাদের নিয়ে কাজ করে তাদেরকে সুরক্ষিত রাখা এবং সংস্থার কার্যক্রমসমূহ তাদেরকে যেন কোনো গুরুতর ঝুঁকিতে না ফেলে তা নিশ্চিত করতে সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণকে সহযোগিতা করাও এই আচরণ বিধির লক্ষ্য। এই আচরণ বিধি কর্মস্থল এবং কর্মস্থলের বাইরে, পেশাগত ও ব্যক্তিগত যোগাযোগের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য।

এটি উল্লেখ্য যে, সিআইপিআরবি তার কর্মকর্তা-কর্মচারী, অংশীদার এবং সহযোগীদের ব্যক্তিগত জীবনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে এবং সুস্পষ্টভাবেই মনে করে যে, সংস্থার কর্মস্থলের ভিতরে ও বাইরে PSEA পলিসি এবং এর বিধি-বিধানসমূহ লিখিত হওয়া কোনোভাবেই কাম্য নয়। সিআইপিআরবি-র ‘যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ (PSEA) আচরণবিধি’ একটি বাধ্যতামূলক নথি। সুতরাং কর্মস্থলের ভিতরে ও বাইরে সকলকে নিম্নলিখিত PSEA আচরণ বিধি অবশ্যই মনে চলতে হবে।

সিআইপিআরবি-র সকল কর্মী এবং সহযোগীগণ-

১. যৌন শোষণ, যৌন নির্যাতন বা যৌন সহিংসতামূলক কোনো কাজ করবেন না।
২. নিশ্চিত করবেন যে, সকল সুবিধাভোগীদের সাথে মৌখিক এবং লিখিত যোগাযোগের ক্ষেত্রে সম্মান প্রদর্শনসূচক আচরণ করা হয়।
৩. সিআইপিআরবি অফিসে পর্নোগ্রাফিক সামগ্রী তৈরি, সংগ্রহ, বিতরণ বা ব্যবহার করবেন না বা পর্নোগ্রাফিক ই-মেইল পাঠাবেন না।
৪. প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা শিশুকে যৌন পরিষেবা প্রদান, সমর্থন, সুবিধা প্রদান বা যে কোনো ধরনের পতিতাবৃত্তি বা যৌন শোষণে অংশগ্রহণের জন্য ব্যবহার করবেন না।

৫. সর্বদা নিশ্চিত করবেন যে, সংশ্লিষ্ট ব্যক্তি সম্পর্কিত সকল অডিও, লিখিত বা ভিজুয়্যাল যোগাযোগ এমনভাবে তৈরি করা হয়েছে যা উক্ত ব্যক্তির মর্যাদা এবং মানবাধিকারকে সম্মান করে (প্রয়োজনে উক্ত ব্যক্তির এবং সংশ্লিষ্ট সকল শিশুর নাম প্রকাশ না করে) এবং তাকে/তাদেরকে কোনো ধরনের প্রতিশোধ, প্রতিহিংসা বা নির্যাতনের ঝুঁকির মধ্যে ফেলবে না।
৬. এমন কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা শিশুদের চেহারা প্রকাশ করবেন না যারা ঘোন শোষণ, পাচার বা ঘোন নির্যাতনের শিকার।
৭. সিআইপিআরবি-র ‘ঘোন শোষণ ও নির্যাতন প্রতিরোধ (PSEA) আচরণবিধি’ নীতিমালার পরিপন্থী আচরণের বিষয়ে কোনো সন্দেহ হলে বা অভিযোগ থাকলে অবিলম্বে তার ম্যানেজার বা সুপারভাইজারকে জানাবেন, এমনকি তথ্য বা অভিযোগটি যদি অস্পষ্টও হয় অথবা তথ্য বা অভিযোগটি যদি এমনও হয় যার কোনো ব্যক্তিগত তদন্ত করা হয়নি।

সিআইপিআরবি-এর কর্মকর্তা-কর্মচারীগণ PSEA আচরণবিধিসমূহ মেনে চলার ক্ষেত্রে প্রতিশ্রূতিবদ্ধ। উপরোক্তলিখিত আচরণবিধিসমূহ লজ্জন করলে দোষী ব্যক্তিকে শাস্তিব্রহ্মণ চাকুরী হতে অব্যাহতিসূচক পত্র প্রদান করা হয়।

PSEA আচরণবিধিসমূহের ব্যাপারে কোনো প্রশ্ন থাকলে নিচের ই-মেইলে যোগাযোগ করুণ:

sangeeta@ciprb.org

প্রতিশ্রূতি প্রদান

আমি নিম্নস্বাক্ষরকারী সঙ্গানে অঙ্গীকার করছি যে, সিআইপিআরবি-র কর্মী হিসেবে আমি উপরোক্তলিখিত PSEA আচরণবিধিসমূহ মেনে চলব এবং প্রতিষ্ঠানের সুনাম অক্ষুণ্ণ রাখব।

নাম এবং স্বাক্ষর : _____

পদবী : _____

তারিখ : _____

সিআইপিআরবি-র পক্ষে-

নাম এবং স্বাক্ষর : _____

পদবী : _____

তারিখ : _____